



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
কটন এগ্রোনিস্টের কার্যালয়
তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজবর্ধন খামার
জগদীশপুর, চৌগাছা, যশোর।



স্মরক নং- ১২.০৭.৪০৪১.৬২০.১১.০৭৭.২০/৩৬০

তারিখঃ- ১৩-১২-২০২৩ইং

প্রাপক,

উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড,
আঞ্চলিক কার্যালয়, যশোর।

বিষয় : রাজস্ব বাজেটের অর্থায়নে তুলাচাষের আধুনিক প্রযুক্তির উপর ০৩ (তিন) দিনব্যাপী মাঠকর্মীদের প্রশিক্ষণ প্রসঙ্গে।

সূত্র : নির্বাহী পরিচালকের স্মরক নং ১২.০৭.০০০০.১০৪.২৫.৩১২.১৮.১৯৪, তারিখ : ২২/১০/২০২৩ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, তুলা উন্নয়ন বোর্ডের রাজস্ব বাজেটের অর্থায়নে ৪০ জন মাঠকর্মীর তুলাচাষের আধুনিক প্রযুক্তির উপর ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজবর্ধন খামার, জগদীশপুর, চৌগাছা, যশোরে আগামী ১৭/১২/২০২৩ইং হতে ১৯/১২/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থীগণদেরকে ১৬/১২/২০২৩ইং তারিখে অপরাহ্নে খামারে উপস্থিতি নিশ্চিত করার জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশনা:

- ১। উদ্বোধন অনুষ্ঠান সকাল ৯:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে বিধায় সকাল ৮:৩০ ঘটিকায় প্রশিক্ষণ কক্ষে উপস্থিত থাকতে হবে।
- ২। প্রত্যেক প্রশিক্ষকের লিখিত হ্যান্ড আউট প্রশিক্ষণার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।
- ৩। প্রতিদিন ৫টি করে ক্লাস হবে এবং প্রতি ক্লাসের সময়কাল হবে ১ (এক) ঘণ্টা।
- ৪। প্রত্যেক প্রশিক্ষণার্থী প্রতিদিন ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন।
- ৫। প্রশিক্ষণার্থীগণ যাতায়াত ও দৈনিক ভাতা বিধি মোতাবেক স্ব স্ব কর্মস্থল হতে পাবেন।
- ৬। প্রত্যেক প্রশিক্ষককে Power point presentation এর মাধ্যমে ট্রেনিং ক্লাস নেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রত্যেক প্রশিক্ষণার্থীদের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর হাজিরা খাতায় লিপিবদ্ধ করতে হবে।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:-

- ১। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ২। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, যশোর/ঝিনাইদহ/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া
- ৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চৌগাছা, যশোর।
- ৪। অফিস নথি।

মোহাম্মদ জোবায়ের ইসলাম তালুকদার
কটন এগ্রোনিস্ট

মোবাইল নম্বর : ০১৯১৪-২১০৯৮৯

ইমেইল : zubaircdb@gmail.com